

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৭৫৬

১/ বিবিধ

আরবী

الأمر المفطع، والحمل المضلع، والشر الذي لا ينقطع إظهار البدع  
ضعيف جداً

رواه الطبراني (1 / 327 / 1) وابن أبي عاصم في " السنة " رقم (36) وابن بطة في " الإبانة " (1 / 173 / 1 - 2) عن بقية: حدثنا عيسى بن إبراهيم عن موسى بن أبي حبيب عن الحكم بن عمير الثمالي مرفوعا. قلت: وهذا سند ضعيف جدا، عيسى هذا هو الهاشمي، قال البخاري والنسائي: " منكر الحديث ". وقال أبو حاتم والنسائي أيضا: " متروك الحديث ". وموسى بن أبي حبيب ضعفه أبو حاتم. والحديث أورده ابن الجوزي في " الموضوعات " (1 / 268 - 269) من رواية الحاكم وقال: " لا يصح، قال الحاكم: عيسى وأهي الحديث بمرّة وأقره السيوطي (رقم 652) من " اللآليء "، ثم ابن عراق في " تنزيه الشريعة " (136 / 1)، ومع ذلك فقد أورده السيوطي في " الجامع الصغير "، من رواية الطبراني هذه، واقتصر المناوي في شرحه على قوله: " والحديث ضعيف "

বাংলা

৭৫৬। ভয়ানক কর্ম, বক্রতাকে বহন করা ও অব্যাহত নিকৃষ্ট কর্ম হচ্ছে বিদ'আতকে প্রকাশ করা।

হাদীছটি নিতান্তই দুর্বল।

এটি তাবারানী (১/৩২৭/১), ইবনু আবী আসেম "আস-সুন্নাহ" (নং ৩৬) গ্রন্থে এবং ইবনু বাত্তাহ "আল-ইবানাহ"

(১/১৭৩/১-২) গ্রন্থে বাকিয়াহ হতে তিনি ঈসা ইবনু ইবরাহীম হতে তিনি মূসা ইবনু আবী হাবীব হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি নিতান্তই দুর্বল। এই ঈসা হচ্ছেন হাশেমী। ইমাম বুখারী ও নাসাঈ তার সম্পর্কে বলেনঃ তিনি মুনকারুল হাদীছ। আবু হাতিম ও নাসাঈও বলেনঃ তিনি মাতরুকুল হাদীছ। এ ছাড়া মূসা ইবনু আবী হাবীবকে আবু হাতিম দুর্বল আখ্যা দিয়েছেন। হাদীছটি ইবনুল জাওয়যী "আল-মাওয়ূ'আত" (১/২৬৮-২৬৯) গ্রন্থে হাকিমের বর্ণনা হতে উল্লেখ করে বলেছেনঃ এটি সহীহ নয়। হাকিম বলেনঃ ঈসা একেবারে দুর্বল। সুযুতী "আল-লাআলী" (নং ৬৫২) গ্রন্থে এবং ইবনু ইরাক "তানযীছ শারীয়াহ" (১/১৩৬) গ্রন্থে তাকে সমর্থন করেছেন। তা সত্ত্বেও সুযুতী হাদীছটিকে "আল-জামেউস সাগীর" গ্রন্থে তাবারানীর বর্ণনা হতে উল্লেখ করেছেন। আর তার ভাষ্যকার মানবী শুধুমাত্র বলেছেনঃ হাদীছটি দুর্বল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71635>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন